# শারহু মাসাইলিল জাহিলিয়্যাহ

বিভাগ/অধ্যায়ঃ ১২১. আল্লাহর রাস্তায় বাধা দান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

যারা আল্লাহর প্রতি ঈমান আনে, তাদেরকে আল্লাহর রাস্তায় চলতে বাধা দান করা।

ব্যাখ্যা: আল্লাহর রাস্তায় বাধাদান বলতে আল্লাহর দীনে প্রবেশ করা হতে মানুষকে ফিরিয়ে রাখা। পূর্ববর্তী ও বর্তমান যুগের কাফিরদের রীতি এটাই। হোক তারা ইয়াহুদী, খ্রিষ্টান এবং মুশরিক। সর্বযুগে ও সর্বস্থানে জাহিলী রীতি হলো আল্লাহর রাস্তায় প্রতিবন্ধকতা সৃষ্টি করা। ভ্রষ্ট দলগুলো বর্তমানে এ রীতির উপর প্রতিষ্ঠিত।

মুসলিমদেরকে ভ্রান্ত পথে পরিচালনায় তারা সদালিপ্ত। তারা বাতিল রীতির দিকে মুসলিমদেরকে ধাবিত করছে। অনুরূপভাবে মুসলিমদেরকে ইসলাম হতে বিরত রাখতে খ্রিষ্টানরাও সর্বদা অপচেষ্টায় লিপ্ত থেকে বলে, আসো, আমরা পরস্পরে নিজেদের মাঝে আলোচনা করি। তারা ধর্মীয় স্বাধীনতার কথা বলে, এটাই হলো আল্লাহ তা‘আলার রাস্তায় বাধাদানের স্বরূপ।

আমরা কি আমাদের দীনের বিশুদ্ধতা নিয়ে সন্দেহ করি যে, তাদের বাতিল দীনের আলোচনায় বসতে হবে? আমরা আমাদের দীনের ব্যাপারে সন্দেহবাদী নই। তারা যে দীনের উপর বহাল আছে, তা বাতিল-মিথ্যা। তারা মূলতঃ সকল দীনের আলোচনা করা ও পরস্পরের দীনকে সহযোগিতার জন্য আহবান জানায়। এর মাধ্যমে তারা আল্লাহর রাস্তায় প্রতিবন্ধকতা সৃষ্টি করে। এটাই তাদের লক্ষ্য-উদ্দেশ্যে। বর্তমানে কাফেরেরা মুসলিদেরকে ভ্রান্ত পথে পরিচালনায় সদা তৎপর। দীন ইসলাম হতে বিমুখ করতে তারা মুসলিমদেরকে হত্যা করছে, বিতাড়িত করছে এবং তাদেরকে শাস্তি দিচ্ছে। আবার তারাই বলে, আসো আমরা পরস্পর দীনের আলোচনা করি।

মূলতঃ তারা তাদের ধর্ম ও বিশ্বাসকে উদ্দেশ্যে করেই ধর্মীয় স্বাধীনতা ও বিশ্বাসের কথা বলে। আল্লাহ তা‘আলা বলেন,

(وَوَدُّوا لَوْ تَكْفُرُونَ) [الممتحنة: 2]

তারা কামনা করে যদি তোমরা কুফরি করতে! (সূরা মুমতাহিনা ৬০:২)।

(وَلا يَزَالُونَ يُقَاتِلُونَكُمْ حَتَّى يَرُدُّوكُمْ عَنْ دِينِكُمْ إِنِ اسْتَطَاعُوا) [البقرة: 217]

আর তারা তোমাদের সাথে লড়াই করতে থাকবে, যতক্ষণ না তোমাদেরকে তোমাদের দীন থেকে ফিরিয়ে দেয়, তারা যদি পারে (সূরা আল-বাক্বারাহ ২:২১৭)।

(وَدُّوا لَوْ تَكْفُرُونَ كَمَا كَفَرُوا فَتَكُونُونَ سَوَاءً) [النساء: 89]

তারা কামনা করে, যদি তোমরা কুফরী করতে যেভাবে তারা কুফরী করেছে। অতঃপর তোমরা সমান হয়ে যেতে (সূরা আন নিসা ৪:৮৯)।

তারা বাতিলের সাথে হক্কের মিশ্রণ ঘটাতে এবং বাতিল দীনের সাথে হক্ব দীনের সমতা বিধান করতে চায়। কিন্তু তারা হক্ব দীনকে সাব্যস্ত করে না। বরং তারা ইসলামকে অপসারণ করতে চায়। ফলে দীন বিমুখ করতে তারা

মুসলিমদের হত্যা করছে, তাদেরকে বাড়ি-ঘর হতে বিতাড়িত করছে। তারা চায়, পৃথিবীতে কোন মুসলিম যেন অবশিষ্ট না থাকে। এটাই তাদের প্রত্যাশা ও ইচ্ছা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9086

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন